Code= ১১৯৭৮

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৯/১৭৫৪ তারিখঃ ০২/০২/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনে উত্থাপিত মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আব্দুল মতিন,(মৌলভীবাজার-২) এর অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন কায়েতপাড়া ইউনিয়স্থ বড়ালু পাড়াগাঁও বাতেনিয়া দাখিল মাদরাসার সুপার জনাব আবদুল হাই এর বিরুদ্ধে "পাঠ্যপুস্তক আনয়নে খরচ দাবী করিয়া ৬ষ্ঠ শ্রেণির ছাত্র/ছাত্রী প্রতি ৫০০/- (পাঁচশত), ৮ম শ্রেণির ছাত্র/ছাত্রী প্রতি ৫৭০/- (পাঁচশত সত্তর) টাকা হারে প্রায় ২০০ ছাত্র/ছাত্রীর নিকট থেকে বিপুল অংকের টাকা হাতাইয়া নিতেছে" মর্মে ১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনে মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আব্দুল মতিন, (মৌলভীবাজার-২) অভিযোগ প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক০২.(দুই) পাতা।

2/2/17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

০২/২/১৭

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়নগঞ্জ।

নং- বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৯/ তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, নারায়নগঞ্জ।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, বড়ালু পাড়াগাঁও বাতেনিয়া দাখিল মাদরাসা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
৫. সুপার, বড়ালু পাড়াগাঁও বাতেনিয়া দাখিল মাদরাসা, রূপগঞ্জ, নারায়নগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

২/২/১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

০২/২/১৭

G:\Admin\Shujan\2017\02. February\01.02.2017\Narayangonj-39

অতি জরুরী

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা- সংসদ
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮৬.০৯.০০৩.১৬(অংশ-১)-৪০ তারিখ : ১৭ মাঘ, ১৪২৩ / ৩০ জানুয়ারি, ২০১৭

বিষয় : **১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনের মৌখিক ও লিখিত প্রশ্নের জবাব প্রেরণ।**

১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনে মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক জবাব প্রদানের জন্য নিম্নলিখিত ৬ (ছয়)টি তারকা চিহ্নিত মৌখিক প্রশ্নের মধ্য হতে তাঁর অধিক্ষেত্র সংশ্লিষ্ট প্রশ্নসমূহের জবাবসহ প্রতিটি প্রশ্নের সাথে উত্থাপিত হতে পারে এমন ০৫ (পাঁচ)টি করে সম্পূরক প্রশ্ন ও জবাব এবং ২ (দুই)টি লিখিত প্রশ্নের মধ্য হতে তাঁর অধিক্ষেত্র সংশ্লিষ্ট প্রশ্নসমূহের জবাব (চলতি ভাষায় হার্ড এবং সফট কপি) আগামী ০২ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখের মধ্য শাখা-সংসদ-এ [ই-মেইল: moe_s4@yahoo.com-এ Nikosh Ban ফন্টে Word document হিসেবে] প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মৌখিক প্রশ্ন :** *১১৩৩, *১১৪৬, *১১৫১, ১১৮৩, ১১৯৬, *১২০৩;
**লিখিত প্রশ্ন: :** ৬২৭, ৬৬৬ এবং ধর্ম মন্ত্রণালয় হতে স্থানান্তরিত লিখিত প্রশ্ন নং-৪১৭।

সংযুক্তি : বর্ণনামতে।

(মোঃ আখতারউজ-জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৬৫৬৩।
ই-মেইল : moe_s4@yahoo.com

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি, মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

D:\Minister's Parliament\Forwading Letter.docx
S4

৬৫৬। জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার উলিপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কতটি শূন্য পদ রহিয়াছে; জরুরীভিত্তিতে উক্ত শূন্য পদগুলি পূরণের কোন ব্যবস্থা নিবেন কিনা; নিলে কতদিনের মধ্যে পূরণ করা হইবে?

৬৫৭। বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের দ্বিতীয় মেয়াদের এই পর্যন্ত দেশে কতটি শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণ করা হইয়াছে?

৬৫৮। বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের দ্বিতীয় মেয়াদের এই পর্যন্ত দেশে কতটি শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ করা হইয়াছে?

৬৫৯। বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে উপজেলা পর্যায়ে সরকারি কলেজের সংখ্যা কত; এবং সরকারি কলেজবিহীন উপজেলার সংখ্যা কত?

৬৬০। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং ইংরেজী মাধ্যম বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের মধ্যে অবাধে ইয়াবাসহ মরননেশা মাদক সেবনকারীদের সংখ্যা প্রচুর; এই বিষয়ে বিভিন্ন গনমাধ্যমে বিভিন্ন সময়ে সংবাদ প্রকাশিত হইয়াছে; এবং ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার পরিবেশ উন্নয়নসহ সকল প্রকার মাদক সেবনকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণকল্পে শিক্ষা মন্ত্রণালয় কোন পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

৬৬১। জনাব মোঃ আবুল কালাম (নাটোর-১) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলির উন্নয়নের জন্য চলতি অর্থ বছরে কি ধরনের পরিকল্পনা রহিয়াছে?

৬৬২। জনাব রহিম উল্লাহ (ফেনী-৩) ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ফেনী জেলায় সরকারিভাবে প্লট বরাদ্দ দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; সেই লক্ষ্যে কোন জমি অধিগ্রহণ করা হইয়াছে কিনা; কবে নাগাদ দেওয়া হইবে?

৬৬৩। নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁদপুর জেলায় সরকারিভাবে স্বল্প আয়ের মানুষের জন্য এবং সর্বস্তরের মানুষের সুবিধার জন্য হাউজিং করিবার কোন পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; হইলে, উহা কি?

৬৬৪। জনাব রহিম উল্লাহ (ফেনী-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জননেত্রী শেখ হাসিনার সরকার কর্তৃক চালু হওয়া বয়স্ক ভাতা ও বিধবা ভাতা প্রাপ্ত উপকারভোগী নির্বাচনের নিয়মগুলি কি কি; এইগুলি অনুসরণ না করিলে কোন শাস্তির বিধান রহিয়াছে কিনা?

৬৬৫। জনাব রহিম উল্লাহ (ফেনী-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের আমলে সর্বপ্রথম প্রবীণদেরকে সিনিয়র সিটিজেন হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। প্রবীণদের জন্য গৃহীত পদক্ষেপগুলির কোনটি ফেনী জেলায় বাস্তবায়ন হইতেছে, ভবিষ্যতে কোনটি বাস্তবায়ন হইবে?

৬৬৬। জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কোন বিধিবলে নারায়ণগঞ্জ জেলাধীন রূপগঞ্জ উপজেলার কায়েতপাড়া ইউনিয়নস্থ বড়ালু পাড়াগাঁও বাতেনিয়া দাখিল মাদ্রাসার সুপার আবদুল হাই পাঠ্য পুস্তক আনয়নে খরচ দাবী করিয়া ৬ষ্ঠ শ্রেণী ছাত্র/ছাত্রী প্রতি ৫০০/- (পাঁচশত), ৮ম শ্রেণী ছাত্র/ছাত্রী প্রতি ৫৭০/- (পাঁচশত সত্তর) টাকা হারে প্রায় ২০০ ছাত্র/ছাত্রীর নিকট থেকে বিপুল অংকের টাকা হাতাইয়া নিতেছে; টাকা না দিলে ছাত্র/ছাত্রীরা পাঠ্যবই প্রাপ্তি থেকে বঞ্চিত হইতেছে, অভিভাবকগণ নাজেহাল হইতেছে। এই ব্যাপারে শাস্তিমূলক কোন ব্যবস্থা নেয়া হইবে কিনা; না নিলে কারণ কি?

* ১১৯৬ । বেগম নূর-ই-হাসনা লিলি চৌধুরী (মহিলা আসন-৪৪) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশের বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসায় সরকারিভাবে শিক্ষক নিয়োগে নির্বাচিত প্রার্থিগণ এখন পর্যন্ত স্ব-স্ব প্রতিষ্ঠানে যোগ দিতে পারেন নাই; সত্য হইলে, কেন?

* ১১৯৭ । বেগম জেবুন্নেছা আফরোজ (বরিশাল-৫) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল বিভাগে বর্তমানে শিক্ষার হার কত; উহা অন্যান্য বিভাগের তুলনায় কত?

* ১১৯৮ । ফিরোজা বেগম (চিনু) (মহিলা আসন-৩৩) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের ভৌত ও অবকাঠামোগত উন্নয়নে আপনার মন্ত্রণালয়ের গৃহীত পদক্ষেপসমূহ কি কি?

* ১১৯৯ । জনাব আব্দুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুষ্টিয়া জেলায় কোন রেজিস্ট্রেশনভুক্ত ক্লাব আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী উহার সংখ্যা কত?

* ১২০০ । জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হইতে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলায় কোন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হইয়াছে কিনা; হইলে, ইহা কি?

* ১২০১ । কাজী নাবিল আহমেদ (যশোর-৩) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হইতে এই পর্যন্ত যশোর জেলার সদর উপজেলায় মোট কতটি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করা হইয়াছে; এবং নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো তৈয়ারী করিবার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি?

* ১২০২ । জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নরসিংদী জেলার শিবপুর উপজেলার শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে সকল প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ ও প্রয়োজনীয় আসবাবপত্র দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ দেওয়া হইবে; না থাকিলে, কারণ কি?

* ১২০৩ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সামাজিক কৃষ্টি কালচার, রীতিনীতি শিক্ষার্থীদের মূল্যবোধ সৃষ্টিতে প্রভাব ফেলাইয়া থাকে। তাই প্রাথমিক হইতে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সকল স্তরে নিয়মিত দেশের কৃষ্টি কালচার বিষয়ক অনুষ্ঠানমালার আয়োজনের কোন উদ্যোগ সরকার গ্রহণ করিয়াছে কিনা?

* ১২০৪ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের মাধ্যমে চলমান প্রকল্পসমূহের মধ্যে বগুড়া জেলার সদর উপজেলায় কোন কর্মসূচি চালু আছে কিনা; থাকিলে, উহা কি?

* ১২০৫ । জনাব ইফতিকার উদ্দিন তালুকদার পিন্টু (নেত্রকোণা-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নেত্রকোণা জেলায় কতজন বৃদ্ধ/বৃদ্ধাকে বয়স্ক ভাতা প্রদান করা হয়; নতুন করিয়া তালিকা করিবার সরকারি কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি?

* ১২০৬ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চাঁদপুর জেলার কোন বৃদ্ধ/বৃদ্ধাকে বয়স্ক ভাতা প্রদান করা হইবে কিনা; হইলে, উপজেলা ওয়ারী উহার হিসাব কি; উহার সংখ্যা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি?

লিখিত

## দানের জন্য প্রশ্ন-তালিকা।

৬২৬। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২): গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশের ৮০-৯০ শতাংশ বাড়িই প্রকৌশলীদের পরামর্শ ও তত্ত্বাবধান ছাড়া নির্মিত হয়; হ্যাঁ হইলে, বাড়ি নির্মাণের বিদ্যমান আইন ও বিধিগুলি বাস্তবায়নে সরকারি ও বেসরকারি সমন্বিত উদ্যোগ গ্রহণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

৬২৭। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২): শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জ্ঞানভিত্তিক সমাজ ও অর্থনীতির চারটি স্তম্ভ হইতেছে আধুনিক শিক্ষা ও প্রশিক্ষণ, গবেষণা ও উদ্ভাবন, ই-সার্ভিস এবং ডিজিটালাইজেশন। শিক্ষার সব স্তরে বিজ্ঞান ও ইংরেজি শিক্ষাকে অগ্রাধিকারের লক্ষ্যে সরকার কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা?

৬২৮। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২): গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পরিকল্পিত নগরায়ন ও সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে সরকার পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

৬২৯। জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১): শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমুদ্র ও সামুদ্রিক সম্পদ ব্যবস্থা গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হইয়াছে; উত্তর সত্য হইলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৬৩০। বেগম পিনু খান (মহিলা আসন-২৩): প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা জেলার দোহার-নবাবগঞ্জ উপজেলায় কোন কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় চালু আছে কিনা; থাকিলে, উহার সংখ্যা কত; উক্ত উপজেলায় নতুন কোন কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় খুলিবার প্রয়োজনীয়তা আছে কিনা; থাকিলে, উহা কবে নাগাদ খোলা হইবে?

৬৩১। জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬): শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকায় কোন সরকারি কলেজ না থাকায় "রাণীনগর মহিলা কলেজ" ও "আত্রাই মোল্লা আজাদ মেমোরিয়াল ডিগ্রী কলেজ" দুইটি স্থানীয় জনগণের শিক্ষা উন্নয়নের স্বার্থে অগ্রাধিকারভিত্তিতে জাতীয়করণ করিবার অনুরোধ করিয়া আপনার ও মাননীয় প্রধানমন্ত্রীর কাছে ডিও লেটার প্রদান করিয়াছিলাম। ঐ দুইটি কলেজ জাতীয়করণ করিবার ব্যাপারে কোন অগ্রগতি আছে কিনা?

৬৩২। জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬): শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) জাতীয় শিক্ষা নীতি পূর্ণাঙ্গ বাস্তবায়নের লক্ষ্যে দেশের শিক্ষা সংক্রান্ত আইন প্রণয়ন কার্যক্রমের ব্যাপারে সরকারের কর্মপরিকল্পনা ও গৃহীত কার্যক্রমসমূহ কি?

খ) সরকারি ও বেসরকারি খাতের শিক্ষাঙ্গনের মধ্যে পাঠদানের এবং পাঠ গ্রহণের ক্ষেত্রে কোন বৈষম্য আছে কিনা;

গ) জবাব হ্যাঁ সূচক হইলে, তাহা দূরীকরণের ক্ষেত্রে সরকার কি ধরনের পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

৬৩৩। জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬): প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) যে সমস্ত রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলিকে সরকারিকরণ করা হইয়াছে সেই সকল শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের প্রক্রিয়া কি ও কতদিনের মধ্যে শেষ হইবে, এই সম্পর্কিত বিস্তারিত তথ্য কি?

খ) সহঃ শিক্ষক ও প্রধান শিক্ষকদের বদলী নীতিমালা গতিশীল ও সহজীকরণ করিতে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত জানাইবেন কিনা?

* ১১৭৫ । বেগম হোসনে আরা লুৎফা ডালিয়া (মহিলা আসন-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারি এতিমখানাগুলিতে কতগুলি এতিম ছেলেমেয়ে রহিয়াছে; এইসব ছেলেমেয়েগুলি কোন কোন ধর্মের অনুসারী?

* ১১৭৬ । জনাব সেলিম উদ্দিন (সিলেট-৫) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিগত ০৪-০৮-২০১১ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ ২৭৭২০ জন প্রার্থীর মধ্যে ১২৭০১ জনকে নিয়োগ প্রদান করা হয়। এবং অবশিষ্ট ১৫০১৯ জন নিয়োগ হইতে বঞ্চিত হন। নিয়োগ বঞ্চিত প্রার্থীদের মধ্যে ইতোমধ্যে যাহারা উচ্চ আদালতে রীট করিয়াছেন তাহাদেরকেও কোর্টের রায়ে নিয়োগ প্রদান করা হইয়াছে। এখনও যাহারা বঞ্চিত রহিয়াছেন তাহাদের ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কি; না হইলে, কারণ কি?

* ১১৭৭ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শরীয়তপুর জেলার বর্তমানে কোন পরিত্যক্ত বাড়ি আছে কিনা; থাকিলে, উহার সংখ্যা কত; উক্ত বাড়িসমূহ স্থানীয় যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রদান করা হইবে কিনা?

* ১১৭৮ । বেগম খোরশেদ আরা হক (মহিলা আসন-৫০) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কক্সবাজার জেলায় মোট কতজন বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা পায়; এই খাতে সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে; উপজেলাওয়ারী হিসাব কি?

* ১১৭৯ । জনাব মোঃ শওকত চৌধুরী (নীলফামারী-৪) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) নীলফামারী জেলার সৈয়দপুর এবং কিশোরগঞ্জ উপজেলাদ্বয়ে বর্তমানে বয়স্ক ভাতা প্রাপ্ত ব্যক্তিদের নাম ও ঠিকানা কি;

খ) বয়স্ক ভাতা প্রদানের ক্ষেত্রে উপজেলাওয়ারী সংখ্যা নির্দিষ্ট কিনা; এবং

গ) খ প্রশ্নের উত্তর না সূচক হইলে, বর্ণিত উপজেলাদ্বয়ে বয়স্ক ভাতা প্রদান কার্যক্রম সম্প্রসারণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং না থাকিলে, উহার কারণ কি?

* ১১৮০ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত মাদারীপুর ও কালকিনি উপজেলায় কি কি কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে; এবং কি কি কর্মসূচি বর্তমানে চলমান রহিয়াছে?

* ১১৮১ । বেগম সালমা ইসলাম (ঢাকা-১) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের হাইস্কুল পর্যায়ে মান সম্পন্ন ইংরেজি শিক্ষকের অভাব রহিয়াছে। হাইস্কুল পর্যায়ে মান সম্পন্ন ইংরেজি শিক্ষক নিয়োগের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ১১৮২ । জনাব ফারুক আহমেদ মজুমদার (ঢাকা-১৫) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার ক্ষমতায় আসিবার পর দেশের প্রতিবন্ধী শিশুদের কল্যাণে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে; এবং প্রতিবন্ধী শিশুদের কল্যাণে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা কি?

* ১১৮৩ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শুধু শিক্ষা নয়, চাই সুশিক্ষা। যে শিক্ষা একজন শিক্ষার্থীর নৈতিক মানদণ্ডকে উন্নত করিবার পাশাপাশি তার ভিতরকার মানবিক মূল্যবোধকে জাগ্রত রাখিবে। শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক গুণাবলি বিকাশের লক্ষ্যে সরকার কোন উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, উহা কি?

* ১১৮৪ । জনাব এ,কে,এম শাহজাহান কামাল (লক্ষ্মীপুর-৩) ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, প্রযুক্তি প্রসার সেল নামে কোন প্রতিষ্ঠান তৈয়ারীর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, উহার কাঠামো কি?



সম্প্রসারণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

ডিজাইন এবং ডেভেলপড ডিজিটাল নেটওয়ার্ক সিস্টেম e-mail:kzillur@dhaka.net, digital_net_bd@yahoo.com

* ১১৪৪ । জনাব এস. এম. মোস্তফা রশিদী (খুলনা-৪) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) ইহা সত্য কিনা যে, সরকার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ উন্নয়নের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ করিয়াছে; ইহা আরো সত্য কিনা যে, উক্ত প্রকল্পের মাধ্যমে দুই পর্যায়ে সমগ্র দেশে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ হাজার শ্রেণী কক্ষ ও শিক্ষকদের কক্ষ নির্মাণ করা হইবে; এবং

খ) ক-প্রশ্নের উত্তর সত্য হইলে, কবে নাগাদ উক্ত প্রকল্পের কার্যক্রম শুরু করা হইবে; উক্ত প্রকল্পের আওতায় আমার নির্বাচনী এলাকা ১০২ খুলনা-৪ এর রূপসা, তেরখাদা ও দিঘলিয়া উপজেলায় কোন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ ও শিক্ষকদের কক্ষ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ১১৪৫ । জনাব মোঃ আবুল কালাম আজাদ (গাইবান্ধা-৪) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলায় ১০টি মাধ্যমিক স্কুলে নতুন ভবন, ১০টি মাধ্যমিক স্কুলের উর্ধ্বমুখী ভবন ও ৬টি মাদ্রাসার নতুন ভবন নির্মাণের জন্য মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক ডিও প্রদান করিয়াছি। উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানগুলির ভবন নির্মাণের অবস্থা কি?

* ১১৪৬ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে যেন জঙ্গিবাদ বিস্তার না ঘটে সেই লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ১১৪৭ । জনাব মোঃ মকবুল হোসেন (পাবনা-৩) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ৭০ পাবনা-৩ এর ভাঙ্গুড়া উপজেলা ''হাজী জামাল উদ্দিন ডিগ্রী অনার্স কলেজ, ভাঙ্গুড়া ও চাটমোহর উপজেলার'' মির্জাপুর ডিগ্রী কলেজ দুইটির উন্নয়নে '' তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বে-সরকারি কলেজসমূহ উন্নয়ন শীর্ষক '' প্রকল্পের আওতায় বর্তমান অর্থ বছরে বাস্তবায়িত হইবে কিনা; হইলে, কবে নাগাদ শুরু হইবে?

* ১১৪৮ । মনোয়ারা বেগম (মহিলা আসন-১৭) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার দায়িত্বপ্রাপ্ত এলাকা টাঙ্গাইল জেলায় সরকারি মাধ্যমিক বিদ্যালয় বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে তাহা কবে নাগাদ বাস্তবায়ন হইবে; না থাকিলে, কারণ কি?

* ১১৪৯ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুষ্টিয়া জেলায় পরিত্যক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান আছে কিনা; থাকিলে, উহার সংখ্যা কত; যেই সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষতিগ্রস্থ ভবন রহিয়াছে উক্ত ভবন সংস্কারের পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ১১৫০ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ সমাজকল্যাণ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) বর্তমান সরকার প্রতিবন্ধী ও অটিস্টিকদের কল্যাণে কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে;

খ) ২০১৬-২০১৭ অর্থ বছরে কতজন অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিকে প্রতিবন্ধী ভাতা এবং কতজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে স্তরভিত্তিক শিক্ষা উপবৃত্তি প্রদান করা হইয়াছে; উপজেলাওয়ারী উহার বিবরণ কি?

* ১১৫১ । কাজী ফিরোজ রশীদ (ঢাকা-৬) ঃ শিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শিক্ষার্থীদের বিভিন্ন পাবলিক পরীক্ষা চলাকালে, পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু ভি আই পি কেন্দ্র পরিদর্শনের নামে পরিক্ষাকেন্দ্রে প্রবেশ করিয়া পরীক্ষার্থীদের পরীক্ষার ব্যাঘাত ঘটায়। উক্ত ব্যক্তিগনের পরীক্ষাকেন্দ্রে প্রবেশ বন্ধ করিবার কোন পদক্ষেপ গ্রহণ করিবেন কিনা?

* ১১৫২ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলার বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলায় খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচি চালু আছে কিনা; থাকিলে, কতটি শিক্ষা প্রতিষ্ঠানে উক্ত কর্মসূচি চালু আছে এবং উক্ত কর্মসূচি চালু আছে এবং উক্ত কর্মসূচি সম্প্রসারণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?